

নম্বর ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২২.৬৩৯

সভার নোটিশ

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী'র ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ১.৩ সূচক অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (Stakeholders)-এর অংশগ্রহণে ৪র্থ ত্রৈমাসিক সভা আগামী ২৯/০৬/২০২২ খ্রি. তারিখ সকাল ১০.৩০ টায় বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-৬-২০২২

অভিজিত সরকার

সহকারী কমিশনার

ফোন: ০২৫৮৮৮৫৭৯৮৭

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৭৫২৯

ইমেইল:

divcomrajshahi@mopa.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী(একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ২) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৪) জেলা প্রশাসক, রাজশাহী (একজন অতিরিক্ত জেলা প্রশাসক প্রেরণের অনুরোধসহ)
- ৫) উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৬) উপ পুলিশ কমিশনার, বোয়ালিয়া, রাজশাহী
- ৭) উপজেলা পরিষদ চেয়ারম্যান, দুর্গাপুর, রাজশাহী
- ৮) উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী
- ৯) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী

- ১০) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ১১) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
- ১২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ১৩) উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী
- ১৪) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
- ১৫) মেয়র, তাহেরপুর পৌরসভা, রাজশাহী
- ১৬) জনাব মো: মনিরুল হক, এরিয়া কো-অর্ডিনেটর, সি ই টি আইবি রাজশাহী
- ১৭) বীর মুক্তিযোদ্ধা জনাব শাহাদুল হক, রাজশাহী
- ১৮) বীর মুক্তিযোদ্ধা জনাব তৈয়বুর রহমান, রাজশাহী
- ১৯) সভাপতি, চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি
- ২০) সভাপতি, রাজশাহী প্রেস ক্লাব
- ২১) সম্পাদক, দৈনিক সোনার দেশ
- ২২) সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ, রাজশাহী
- ২৩) সভাপতি, বিভাগীয় সড়ক পরিবহন মালিক সমিতি, রাজশাহী
- ২৪) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
- ২৫) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী
- ২৬) জনাব মো: আয়নাল হক, সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা
- ২৭) সভাপতি, নাসিব, রাজশাহী
- ২৮) সভাপতি, ওয়েব, রাজশাহী
- ২৯) সভাপতি, চামড়া ব্যবসায়ী সমিতি
- ৩০) ম্যানেজার, ইউসেপ, রাজশাহী
- ৩১) জেলা সমন্বয়ক, ব্র্যাক, রাজশাহী

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে আয়োজিত সভার কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	২৯/০৬/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০.৩০ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভার শুরুতে সম্মেলন কক্ষে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে জানান যে, এ কার্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা'র ১.৩ সূচক অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা আহবানের বিধান রয়েছে। সভাপতি এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রদত্ত সেবাসমূহ সুশাসন প্রতিষ্ঠায় কতটা কার্যকর ভূমিকা রাখছে এবং এক্ষেত্রে কি ধরনের প্রতিবন্ধকতা পরিলক্ষিত হচ্ছে সে বিষয়ে সভায় উপস্থিত সকলকে সুচিন্তিত মতামত তুলে ধরার অনুরোধ করেন।

০২। সুশাসন প্রতিষ্ঠায় সরকারি দপ্তরসমূহের গৃহিত পদক্ষেপ ও কার্যক্রমসমূহ কতটা জনবান্ধব জানতে চাইলে সভাপতি জনাব সাইদুর রহমান, রাজশাহী প্রেস ক্লাব বলেন যে, বর্তমানে সরকারি দপ্তরসমূহ সেবা প্রদানের ক্ষেত্রে আগের চেয়ে অনেক জনবান্ধব। উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে দপ্তরসমূহ হতে যে প্রক্রিয়ায় সেবা প্রদান করা হচ্ছে তা সাধারণ জনগণের জন্য কল্যাণকর। বিভিন্ন সরকারি দপ্তরে কর্মকর্তাবৃন্দ দাপ্তরিক বিভিন্ন কাজে সময়ানুবর্তিতা মেনে চলায় জনগণের ভোগান্তি এ ক্ষেত্রে অনেকটা হ্রাস পেয়েছে। তিনি তাঁর বক্তব্যে আরও উল্লেখ করেন যে, অধিকাংশ সরকারি দপ্তরের গৃহিত কার্যক্রম সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক মর্মে প্রতীয়মান হলেও এখনো দু'একটি দপ্তরে সেবা প্রার্থীদের জন্য হয়রানিমূলক কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

০৩। সম্পাদক, দৈনিক সোনার দেশ, রাজশাহী জনাব আকবারুল হাসান মিল্লাত বলেন যে, পূর্বের তুলনায় সরকারি দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়ার পরিবর্তন দৃশ্যমান। বিভিন্ন দপ্তর প্রধানবৃন্দের মানসিকতা জনবান্ধব ও জনকল্যাণমূলক। প্রশাসনের জনকল্যাণমূলক কার্যক্রমসমূহ এবং সেবা প্রক্রিয়া জনবান্ধব করণে গৃহিত পদক্ষেপ সমূহের ব্যাপক প্রচার প্রয়োজন। এর ফলে সাধারণ মানুষ এ সম্পর্কে অবগত হওয়ার সুযোগ পাবে এবং উন্নয়নমূলক কাজে জনসম্পৃক্ততা বৃদ্ধি পাবে। কারণ প্রকৃত সুশাসন নিশ্চিত করতে হলে জনসম্পৃক্ততা অত্যাাবশ্যক।

০৪। জনাব মো: আইনাল সিনিয়র রিপোর্টার, বাসস, রাজশাহী বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় NIS, GRS, Citizen Charter, তথ্য অধিকার সংক্রান্ত টুলসগুলো ব্যবহৃত হয়। এ সকল টুলস এর অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন সরকারি দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশ করা হলে জনগণ গৃহীত কার্যক্রম সম্পর্কে অবগত হওয়ার সুযোগ পাবে। এর মাধ্যমে সরকারি দপ্তরসমূহ সুশাসন নিশ্চিত করার পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠায় কি কি পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে সে বিষয়ে জানা যায়। জনগণের সেবা প্রাপ্তিতে অন্যতম সহায়ক ভূমিকা পালন করে Public Hearing. বিভিন্ন দপ্তরে নিয়মিত

Public Hearing হচ্ছে কিনা সে বিষয়টি পর্যালোচনা করা প্রয়োজন।

০৫। বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী হতে প্রদত্ত সেবা সম্পর্কে অভিমত জানতে চাইলে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজশাহী বলেন যে, পূর্বের যে কোন সময়ের চেয়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী হতে অনেক দ্রুত সেবা পাওয়া যায়। এ ধারাবাহিকতা অনুসরণ করে তারাও নিজ নিজ দপ্তর হতে সেবা প্রদানের ক্ষেত্রে আরও বেশি জনবান্ধব করার চেষ্টা করছে।

০৬। উপপুলিশ কমিশনার বোয়ালিয়া, রাজশাহী বলেন যে, বর্তমানে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সাথে পুলিশ বিভাগের সম্পর্ক অত্যন্ত আন্তরিক। যার ফলে সঠিক সময়ের মাধ্যমে জনগণকে সেবা প্রদানে সুবিধা হচ্ছে। এছাড়া পুলিশ বিভাগও নিজেদের অভ্যন্তরীণ পর্যায়ে শুদ্ধাচার চর্চায় গুরুত্ব দিচ্ছে এবং সুশাসন প্রতিষ্ঠায় কাজ করছে।

০৭। সুশাসন প্রতিষ্ঠায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমসমূহ কতটা জনবান্ধব ও জনকল্যাণমূলক এমন প্রশ্নের উত্তরে প্রতিনিধি মেয়র, তাহেরপুর পৌরসভা রাজশাহী বলেন যে, জনগণকে সকল সেবা সঠিক সময়ে প্রদানের বিষয়ে তাঁরা সচেতন। সেবাগ্রহণে জনগণ কোন সমস্যার সম্মুখীন হচ্ছে কি না সে বিষয়টি সর্বদা বিবেচনা করা হয়। সেবা প্রাপ্তিতে হয়রানির শিকার হলে অভিযোগ দেয়ার ব্যবস্থা আছে এবং এ ধরনের অভিযোগ পেলে সে বিষয়ে দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এ প্রসঙ্গে পরিচালক, স্থানীয় সরকার রাজশাহী বিভাগ বলেন যে, যেহেতু স্থানীয় সরকারের এ সকল স্তরসমূহ জনগণের সবচেয়ে সন্নিহিত থাকে তাই জনসেবার বিস্তার সুযোগ রয়েছে। এজন্য **Public Hearing** এর মাধ্যমে জনগণের সমস্যা সম্পর্কে অবহিত হয়ে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

০৮। উপজেলা পরিষদ চেয়ারম্যান দুর্গাপুর রাজশাহী বলেন যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ সুশাসন প্রতিষ্ঠায় নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে। জেলা ও উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় জনসেবা মূলক কার্যক্রমসমূহ এগিয়ে নেয়া সম্ভব হচ্ছে। তিনি আরও উল্লেখ করেন যে, সেবা গ্রহীতা হিসেবে সরকারি দপ্তর হতে সেবা প্রাপ্তিতে কোন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে না।

০৯। সুশাসন নিশ্চিত সরকারি দপ্তরসমূহের গৃহিত কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে উপপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল এর প্রতিনিধি সভাকে জানান যে, সুশাসন নিশ্চিত এর অংশ হিসেবে অধিকাংশ সেবা গ্রাহকদেরকে অনলাইনে সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকের কার্যালয় থেকে সকল সেবা খুব দ্রুত পাওয়া যাচ্ছে। এক্ষেত্রে হয়রানির কোন ঘটনা নাই।

১০। উপপরিচালক জেলা পরিসংখ্যান অফিস রাজশাহী বলেন যে, বাংলাদেশ পরিসংখ্যান বুরো মাথাপিছু আয়, জিডিপি এবং অর্থনৈতিক উন্নয়নের সাথে সম্পর্ক বিভিন্ন বার্ষিক ও ত্রৈমাসিক রিপোর্ট প্রকাশ করে। বিভাগীয় কমিশনার কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সহ বিভিন্ন দপ্তর এই ডাটা গুলো ব্যবহার করে থাকে। সদ্য সমাপ্ত জনসংখ্যা ও গৃহগণনা কার্যক্রমে **Quality Ensure** করার জন্য জেলা প্রশাসকের কার্যালয় ও বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে যে ধরনের সহযোগিতা পাওয়া গেছে তা সত্যিই অভূতপূর্ব। একজন সেবা গ্রহীতা হিসেবে সেবা প্রাপ্তিতে কোন সমস্যার সম্মুখীন হয় নি।

১১। উপজেলা নির্বাহী অফিসার, পুটিয়া রাজশাহী বলেন যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে যে সভার আয়োজন করা হয়েছে তার গুরুত্ব অনেক। এর মাধ্যমে সেবা প্রদানকারী ও সেবা গ্রহীতাদের মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপিত হয়। একই ধারাবাহিকতায় উপজেলা পর্যায়েও এ ধরনের সভা আয়োজন করা যেতে পারে।

১২। সুশাসন নিশ্চিত সরকারি প্রতিষ্ঠান সমূহের পাশাপাশি বেসরকারি সংস্থাসমূহ কি ভূমিকা পালন করছে এমন প্রশ্নের

উত্তরে ম্যানেজার ইউসেফ, রাজশাহী বলেন যে, বিভিন্ন প্রয়োজনে ইউসেফ উপজেলা ও জেলা প্রশাসনের সাথে নিবিড়ভাবে কাজ করে। তিনি বাস্তব বিভিন্ন সমস্যার উদাহরণ টেনে বলেন যে, সমাজের বিদ্যমান সমস্যা সমাধানে প্রত্যেকটি দপ্তরকে তাদের নিজস্ব কর্মপরিধি অনুযায়ী কার্যসম্পাদন করা উচিত। প্রশাসনের পক্ষ থেকে অনেক সময় জনহিতকর কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। এগুলো প্রচার করা হলে জনগন আরো উদ্বুদ্ধ হবে। তিনি এ ধরনের **Success History** একত্রিত করে পাবলিকেশনের উপর গুরুত্ব আরোপ করেন।

১৩। জেলা সমন্বয়ক ব্র্যাক, রাজশাহী বলেন যে, বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয় থেকে সরকারি সেবা পেতে কোন সমস্যার সম্মুখীন হতে হচ্ছেনা। সরকারি দপ্তর গুলোর পাশাপাশি বেসরকারি দপ্তর ও সংস্থায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে কার্যক্রম গ্রহণ করলে এবং শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি চালু করা হলে বেসরকারি সংস্থাসমূহ সুশাসন প্রতিষ্ঠায় আরো উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবে বলে তিনি মতামত ব্যক্ত করেন।

১৪। এরিয়া কো-অর্ডিনেটর সিই টিআইবি, রাজশাহী বলেন যে, বর্তমান সময়ে বিভাগীয় ও জেলা প্রশাসন কর্তৃক সেবা প্রদান প্রক্রিয়া অত্যন্ত গতিশীল। সেবা প্রাপ্তিতে হয়রানি অনেকটা কমে গেছে। তবে জেলা ও উপজেলা পর্যায়ে কিছু অসাধু কর্মচারী সেবা প্রদানের ক্ষেত্রে অযথা হয়রানি করে। এটি বন্ধ করা সম্ভব হলে প্রদত্ত সেবা আরো জনবান্ধব হবে এবং জনগণ প্রকৃত সুফল পাবে।

১৫। সরকারি দপ্তরে প্রাপ্ত সেবা সম্পর্কে জনগণের মতামত জানতে চাইলে বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ তৈয়বুর রহমান বলেন যে, জেলা প্রশাসনসহ অন্যান্য সকল দপ্তর থেকে সেবা পেতে কোন ভোগান্তি হচ্ছে না এবং সেবা প্রাপ্তিতে সকলের সহযোগিতা পাচ্ছেন। বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা পেতে কোন ধরনের হয়রানির স্বীকার হতে হয় না। তিনি আশাবাদ ব্যক্ত করেন সাধারণ জনগণের সমস্যা সমাধানে সরকারি এবং বেসরকারি কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ আরো উদ্যোগী হবেন।

১৬। সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ সভাকে জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জীবন মান উন্নয়নে অনেকগুলো প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে পিছিয়ে পড়া এই জন গোষ্ঠীর ছেলে মেয়েরা শিক্ষিত হচ্ছে এবং এ ধরনের সহযোগিতার ফলে অনেক দূর এগিয়েছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সনদ প্রাপ্তিসহ অন্যান্য বিষয়ে সরকারি দপ্তরগুলো থেকে হয়রানি মুক্তভাবে সেবা পাওয়া যাচ্ছে। তিনি তার বক্তব্যে আরো উল্লেখ করেন যে, রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য নির্মিত ট্রেনিং সেন্টার বন্ধ আছে। উক্ত প্রতিষ্ঠানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোন শিক্ষক না থাকায় ট্রেনিং সেন্টারটি বন্ধ রাখা হয়েছে। তিনি ট্রেনিং সেন্টারটি পুনরায় চালু করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন সকলের সহযোগিতা পেলে পিছিয়ে পড়া এই জনগোষ্ঠী সকলের সাথে সমান তালে সামনে এগিয়ে যেতে পারবে।

১৭। জনগণের সেবা সহজে প্রাপ্তিতে ব্যবসায়ীদের করণীয় এবং এক্ষেত্রে সরকারি অফিসসমূহ কিভাবে সহায়তা করতে পারে সে প্রসঙ্গে সভাপতি নাসিব বলেন যে, প্রশাসন পূর্বের তুলনায় অনেক গতিশীল। তবে ভূমি সংক্রান্ত বিষয়ে আরো স্বচ্ছতা আনয়ন করা প্রয়োজন। ক্রমবর্ধমান শিক্ষিত বেকারের সংখ্যা হ্রাসের জন্য শিল্পের উন্নয়ন দরকার। তিনি আরো বলেন যে, শিল্পকারখানায় বিভিন্ন ধরনের লাইসেন্স প্রয়োজন হয়। এসব লাইসেন্স প্রদানে **One stop service** নিশ্চিত করা সম্ভব হলে ভোগান্তি অনেক হ্রাস পাবে। তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, বর্তমানে সমাজে মাদকদ্রব্যের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় যুব ও শ্রমিক সমাজ ধ্বংস হয়ে যাচ্ছে। তিনি এ বিষয়ে সকলকে উদ্যোগী হওয়ার আহ্বান জানান।

১৮। সভাপতি, ওয়েব, রাজশাহী বলেন যে, নারী উদ্যোক্তাদের নিয়ে যে কোন কাজে প্রশাসনের সার্বিক সহযোগিতা পান। এক্ষেত্রে বিভাগীয় ও জেলা প্রশাসন প্রত্যক্ষভাবে সহায়তা করে। তিনি উল্লেখ করেন যে, এ সকল সহযোগিতার মাধ্যমে

ব্যাংক লোন প্রাপ্তি, মেলা আয়োজনসহ পণ্যের প্রচার ও প্রসারে নারী উদ্যোক্তাবৃন্দ উপকৃত হন।

১৯। ডিআইজি, রাজশাহী রেঞ্জ এর প্রতিনিধি সভাকে জানান যে, পুলিশ বিভাগ General Diary করার প্রক্রিয়াকে অনলাইন করেছে। এর ফলে যে কোন ব্যক্তি যে কোন জায়গা থেকে GD করতে পারে। এতে হয়রানি অনেক বন্ধ হয়েছে। তিনি বিভাগীয় নির্বাচনী বোর্ড কর্তৃক বিভিন্ন নিয়োগ কার্যক্রম স্বচ্ছতা ও দক্ষতার সাথে সম্পাদনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

২০। সমাপনী বক্তব্যে বিভাগীয় কমিশনার, রাজশাহী বলেন যে, অংশীজনদের নিয়ে এ ধরনের সভা আয়োজনের মূল উদ্দেশ্য হচ্ছে এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয় বা উপজেলা নির্বাহী অফিসারবৃন্দের কার্যালয়সমূহ হতে যে সেবা জনগণকে দেওয়া হচ্ছে সে সম্পর্কে মতামত বা সুপারিশ গ্রহণ করা। প্রদত্ত সেবার মান উন্নয়নে এ ধরনের সভা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। এছাড়া কার্যকর গণশুনানী আয়োজনের মাধ্যমে সরকারি সেবাকে আরও জনবান্ধব করা যায়। অর্পিত দায়িত্ব পালনে আরও বেশি আন্তরিক হওয়ার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ করেন। তিনি আশা প্রকাশ করেন দায়িত্বরত কর্মকর্তাদের আন্তরিকতা ঠিক থাকলে এ কার্যালয় এবং আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে সেবা গ্রহীতাদের যে সকল সেবা প্রদান করা হয় তা আরও মানসম্মত ও জনবান্ধব হবে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১.	সরকারি সেবা সম্পর্কে জনগণের মতামত এবং জনভোগান্তি হ্রাসে নিয়মিত গণশুনানী আয়োজন করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০২.	সকল দপ্তরকে সেবার তালিকা, কর্মপদ্ধতি, সেবা প্রাপ্তির ফিস (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি উল্লেখসহ সিটিজেন চার্টার সর্বদা হালনাগাদ রাখতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শন ও দৃশ্যমান স্থানে টাঙানোর ব্যবস্থা করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০৩.	উন্নয়ন বৈষম্য দূরীকরণে পিছিয়ে পড়া জনগোষ্ঠী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সরকারি সেবা প্রাপ্তি সহজ করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০৪.	সেবার মান উন্নয়নে নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ
০৫.	সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে সরকারের গৃহীত পদক্ষেপগুলো জনগণের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।	জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ

পরিশেষে দাপ্তরিক দায়িত্ব পালনে শুদ্ধাচার চর্চার উপর গুরুত্বারোপ করে এবং প্রদত্ত সেবার মান ক্রমাগত বৃদ্ধির অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২২.৬৮৩

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৯

৩০ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী

৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী।








- ৫) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৬) উপ-পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৭) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঙ্গাইল/বাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৮) উপ পুলিশ কমিশনার, বোয়ালিয়া, রাজশাহী
- ৯) উপজেলা পরিষদ চেয়ারম্যান, দুর্গাপুর, রাজশাহী
- ১০) উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী
- ১১) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী
- ১২) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ১৩) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
- ১৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ১৫) উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী
- ১৬) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
- ১৭) মেয়র, তাহেরপুর পৌরসভা, রাজশাহী
- ১৮) জনাব মো: মনিরুল হক, এরিয়া কো-অর্ডিনেটর, সি ই টি আইবি রাজশাহী
- ১৯) বীর মুক্তিযোদ্ধা জনাব শাহাদুল হক, রাজশাহী
- ২০) বীর মুক্তিযোদ্ধা জনাব তৈয়বুর রহমান, রাজশাহী
- ২১) সভাপতি, চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি
- ২২) সভাপতি, রাজশাহী প্রেস ক্লাব
- ২৩) সম্পাদক, দৈনিক সোনার দেশ
- ২৪) সভাপতি, নাসিব, রাজশাহী
- ২৫) সভাপতি, জাতীয় আদিবাসী পরিষদ, রাজশাহী
- ২৬) সভাপতি, বিভাগীয় সড়ক পরিবহন মালিক সমিতি, রাজশাহী
- ২৭) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
- ২৮) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী
- ২৯) জনাব মো: আইনাল হক, সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা
- ৩০) সভাপতি, ওয়েব, রাজশাহী
- ৩১) সভাপতি, চামড়া ব্যবসায়ী সমিতি, রাজশাহী
- ৩২) ম্যানেজার, ইউসেপ, রাজশাহী
- ৩৩) জেলা সমন্বয়ক, ব্র্যাক, রাজশাহী











অভিজিত সরকার
সহকারী কমিশনার


সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিভাগের বিভিন্ন পর্যায়ের অংশীজনদের অংশগ্রহণে আয়োজিত সভায় সম্মানিত
সদস্যবৃন্দের উপস্থিতি:

সভার স্থান : বিভাগীয় কমিশনার রাজশাহী'র সম্মেলন কক্ষ
অনুষ্ঠানের তারিখ : ২৯/০৬/২০২২ খ্রি.
সময় : সকাল ১০.৩০ টা

ক্র: নং	নাম ও পদবি	মোবাইল নম্বর	স্বাক্ষর
০১	শ্রী: জগদীশ ম: মামুদ রহমান অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	০১৭৭২-৭৭৭৩৭৬	
০২	শ্রী: জিহাদ ২৪ অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	০১৭১২৮২৫৮০৭	
০৩	এ.এন.এম. মঈনুল হুসাইন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	০১৭১২২৮৮১৭৬	
০৪	শ্রী: এনাচুল হক পরিচালক স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী	০১৭২৬৭৫৭৩৮৩	
০৫	কনস্টান্ট মোস্তাফিজ অতিরিক্ত জেলা প্রশাসক, রাজশাহী	০১৭৬৬৬২৮২৭৬	
০৬	ড. চিত্রলেখা নাহুদীন উপপরিচালক স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী	০১৭৩৪২৭০৭৮৮	
০৭	শ্রী: জৈনুদ্দিন আহমেদ অতি: উপ পুলিশ কমিশনার বোয়ালিয়া জোন, রাজশাহী	০১৩২০০৬১৪৫১	
০৮	মোহাম্মদ মনিরুল ইসলাম মুনির মুসতার উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ-এর প্রতিনিধি	০১৩২০-১২২২১৩	
০৯	মোহাম্মদ হুসাইন হুসাইন উপজেলা পরিষদ চেয়ারম্যান দুর্গাপুর, রাজশাহী	০১৭৪২৫৭২৪	

ক্র: নং	নাম ও পদবি	মোবাইল নম্বর	স্বাক্ষর
১০	নূরুল হক মো: আমান উপজেলা নির্বাহী অফিসার চারঘাট, রাজশাহী ১৩৮	০১৭২২-১১২৭১৫	
১১	বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক রাজশাহী		
১২	মোঃ নসরুদ্দীন হোসেন DEO, রাজশাহী সি.এস. উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী	০১২১৪১৬৪৭১৭	
১৩	অতিরিক্ত পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী		
১৪	দাফন মোহাম্মদ সারওয়ার সহকারী উপ-সারসংগ্রহক, রাজশাহী আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী	০১৭১৫২৭৭৭৬৬	
১৫	কাজল বেগম উপপরিচালক জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী	০১৭২৪৭০২১৬৬	
১৬	মোঃ মোহাম্মদ হোসেন সিনিয়র প্ল্যানার নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী	০১৭৭১৭৭৪১৪৭	
১৭	মোঃ আব্দুল হক মেয়র তাহেরপুর পৌরসভা, রাজশাহী	০২৭৭১২৫৪২২২	
১৮	জনাব মো: মনিরুল হক এরিয়া কো-অর্ডিনেটর, সি ই টি আইবি রাজশাহী	০১৭১৪০৮২৮৪০	
১৯	বীর মুক্তিযোদ্ধা জনাব শাহাদুল হক রাজশাহী (জনাব মোহাম্মদ হোসেন (ডাঃ পাস্তুর) বীর মুক্তিযোদ্ধা সহস্রাধ্যক্ষ, রাজশাহী)	০২৭৮৭-৪৪৬৪২২	
২০	বীর মুক্তিযোদ্ধা জনাব তৈয়বুর রহমান রাজশাহী	০১৭১৬৬০৭১৬	

ক্র: নং	নাম ও পদবি	মোবাইল নম্বর	স্বাক্ষর
২১	সভাপতি চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রি		
২২	প্রাপ্তদূর প্রহরন সভাপতি রাজশাহী প্রেস ক্লাব	০১৭১১৩০১৬১৩	 ২৭.৬.২২
২৩	আবুল কালাম হোসেন খান সম্পাদক দৈনিক সোনার দেশ	০১৭১০-৭৬৪৬০১	 ২৩/৬/২০২২
২৪	বিজল চন্দ্র ব্রাহ্মসর্গ সভাপতি জাতীয় আদিবাসী পরিষদ, রাজশাহী	০১৭১৮-৮৭৪৫০৬	
২৫	সভাপতি বিভাগীয় সড়ক পরিবহন মালিক সমিতি, রাজশাহী		
২৬	পরিচালক ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী		
২৭	মো: হুমায়ুন কামরুল আঞ্চলিক পরিচালক বাংলাদেশ বেতার, রাজশাহী	০১৭১৬ ৩৭৭২২০	
২৮	আয়নাল হক সিনিয়র রিপোর্টার, বাংলাদেশ সংবাদ সংস্থা	০১৭১২ ০১১০১২	
২৯	মো: আমিরুল ইসলাম সভাপতি ও পরিচালক জেসিপ্রু মনিরিনাসিব, রাজশাহী সহীদ মুহাম্মদ জুয়েল আলী মলিক আব্দুল হামিদ ওয়াহিদ আলী	০১৬০১ ৫০১ ৮৩৭	
৩০	সভাপতি ওয়েব, রাজশাহী	০১৭৭৩৭২৬৬৪২	

ক্র: নং	নাম ও পদবি	মোবাইল নম্বর	স্বাক্ষর
৩১	সভাপতি চামড়া ব্যবসায়ী সমিতি		
৩২	শ্রী: মাহিনুল হক ম্যানেজার ইউসেপ, রাজশাহী	০১৭১১-১০৫৫৫১	
৩৩	শ্রী: মহাব্বিন আনী জেলা সমন্বয়ক ব্র্যাক, রাজশাহী	০১৭২৭-০৭০০২০	 29.06.2022